

স্কুল থেকে ভার্শিটিতে একই সঙ্গে ভর্তিযুদ্ধ শুরু কয়েক লাখ ভর্তিসৈনিক আতঙ্কগ্রস্ত

স্টাফ রিপোর্টার : মৌলবাদী জঙ্গী বোমা আতঙ্কের মধ্যে দেশজুড়ে চলছে স্কুল থেকে শুরু করে বিশ্ববিদ্যালয়ের ভর্তি যুদ্ধ। বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার পাশাপাশি আজ সোমবার থেকে শুরু হচ্ছে স্কুল পর্যায়ের ভর্তি পরীক্ষা। মেয়েদের জন্য সেরা বিদ্যাপীঠ ডিকাল্পনিসা নুন স্কুল এন্ড কলেজের ইংলিশ মিডিয়ামের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে আজ। মতিঝিল আইডিয়াল স্কুল এন্ড কলেজসহ অন্য বেসরকারী স্কুলগুলোও ভর্তি ফরম বিতরণ শুরু করেছে। আইডিয়ালের ইংলিশ মিডিয়ামের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ১৭ ডিসেম্বর। রাজধানীর চব্বিশ সরকারী স্কুলের ভর্তিযুদ্ধ শুরু হবে ১ জানুয়ারি থেকে। ভর্তি পরীক্ষার ফরম বিতরণ আশামী বৃধবার থেকে শুরু হচ্ছে। এ অবস্থায় শিশু থেকে শুরু করে বিশ্ববিদ্যালয় পড়ুয়া কয়েক লাখ ভর্তি সৈনিক এখন শেষ মুহূর্তের প্রস্তুতিতে ব্যস্ত। তবে সারাদেশে জঙ্গী বোমা হামলায় তাদের সবাইকে করেছে চরম আতঙ্কগ্রস্ত।

সুত্রমতে, তিনটি গ্রুপের আওতায় মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের অধীনে কেন্দ্রীয়ভাবে অনুষ্ঠিত হবে রাজধানীর ২৪টি সরকারী স্কুলের ভর্তিযুদ্ধ। তিনটি গ্রুপে বিভক্ত হয়ে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রতিটি গ্রুপে আটটি করে স্কুল থাকবে। এবারে এই চব্বিশ স্কুলে সাড়ে আট হাজার আসনের বিপরীতে ভর্তি হওয়ার জন্য ফরম হাড়া হচ্ছে ১৪ ডিসেম্বর থেকে। ফরম বিতরণ শেষ হবে ২৭ ডিসেম্বর। তিনটি গ্রুপের ভর্তি পরীক্ষা হবে যথাক্রমে আশামী ১, ৩ ও ৫ জানুয়ারি।

প্রথম থেকে নবম শ্রেণীর এই ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে একশ' নম্বরের ডিগ্রিতে (বাংলা, ইংরেজী ও অঙ্ক)। দু'টি

শিকটে অনুষ্ঠিত হবে পরীক্ষা। এর মধ্যে প্রথম থেকে পঞ্চম শ্রেণীর পরীক্ষা শুরু হবে সকাল দশটায় এবং ষষ্ঠ থেকে নবম শ্রেণীর পরীক্ষা শুরু হবে দুপুর একটায়। অবস্থাদুটে প্রথম ও নবম শ্রেণীর পরীক্ষা অনুষ্ঠিত হলেও স্কুল প্রতিরক্ষিত হবে প্রথম ও ষষ্ঠ শ্রেণীর ভর্তি পরীক্ষায়। রাজধানীর অন্যান্য স্কুলেও ভর্তি কার্যক্রম এখন পুরোদমে চলছে। ডিকাল্পনিসা স্কুলের বাংলা মিডিয়ামের ভর্তি ফরম ইতোমধ্যে বিতরণ শেষ হয়েছে। পরীক্ষা হবে জানুয়ারির প্রথম সপ্তাহে। পরীক্ষার তারিখ ১৪ ডিসেম্বর আনুষ্ঠানিকভাবে জানিয়ে দেয়া হবে। এই স্কুলের ইংলিশ মিডিয়ামের ভর্তি পরীক্ষা হবে আজ সোমবার। এবার থেকে এই স্কুলটির আঞ্জিমপুর শাখাতেও ভর্তি করা হবে। এই শাখার ভর্তির জন্য ফরম দেয়া হবে ১৩ থেকে ১৮ ডিসেম্বর। মতিঝিল আইডিয়াল স্কুলের প্রধান ও বনশ্রী শাখায় গভর্ণর থেকে বাংলা মিডিয়ামের ফরম বিতরণ শুরু হয়েছে। ১৫ ডিসেম্বর পর্যন্ত ফরম দেয়া হবে। প্রথম দিনেই ফরম বিক্রি হয়েছে মেইন শাখায় প্রায় তিন হাজার। বনশ্রীতে বিক্রি হয়েছে ১১ শতাধিক। প্রতিদিনই লম্বা লাইন করে ফরম বিক্রি হচ্ছে। পঞ্চম শ্রেণী হাড়া প্রথম থেকে ষষ্ঠ শ্রেণী পর্যন্ত এবার ভর্তি করা হবে এখানে। আসন সংখ্যা মতিঝিল শাখায় রয়েছে আড়াইশ' আর বনশ্রীতে তিন শ' পনেরো। স্কুলটির ইংলিশ মিডিয়ামের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ১৭ ডিসেম্বর। ইংলিশ মিডিয়ামে প্রথম ও ষষ্ঠ শ্রেণীতে শিক্ষার্থী ভর্তি করা হবে। প্রথম শ্রেণীতে ৪০টি আসনের বিপরীতে এক হাজার বাটটি ফরম বিক্রি হয়েছে।

রাজধানীর অন্যান্য স্কুলেও পুরোদমে ভর্তি কার্যক্রম শুরু হয়েছে। তবে প্রতিটি স্কুলেই বোমাতঙ্কে কীপছে তারপরও যেনেই ভর্তি সৈনিকরা। গ্রাণপন চেঁচা করে যাচ্ছে কাঙ্ক্ষিত স্কুলে ভর্তি হতে। অবস্থাদুটে দেখা যাচ্ছে স্কুলগুলোতে ভর্তি স্কুলে নিতদের ভর্তির জন্য তাদের অভিভাবকদের উৎসে উৎকণ্ঠাই বেশি। বিশেষ করে শিশুদের মায়েরা এখন অচও ব্যস্ত শিশুদের নিয়ে। স্কুলগুলোর পাশাপাশি বিশ্ববিদ্যালয়গুলোতে এখন পুরোদমে ভর্তি প্রক্রিয়া চলছে। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা শেষ হচ্ছে আজ সোমবার। রবিবার অনুষ্ঠিত হয়েছে পেরেবাঙ্গা কৃষি বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি ফরম বিতরণ করা হচ্ছে। শেষ হবে ২২ ডিসেম্বর। চারটি ইউনিটের ভর্তি পরীক্ষা শুরু হবে ২০ জানুয়ারি থেকে। বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) ইতোমধ্যেই ভর্তি কার্যক্রম শেষ করে এখন ক্লাস শুরুর পথে। দেশের প্রায় আড়াই লাখ শিক্ষার্থী উচ্চশিক্ষার ভর্তিঘুরে ভুগছে। ৫৪টি বেসরকারী বিশ্ববিদ্যালয়ও তাদের ভর্তি কার্যক্রম শুরু করে দিয়েছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীভূত ১৩৯টি কলেজের অন্য ভর্তি পরীক্ষাও কিছু দিনের মধ্যে শুরু হচ্ছে বলে জানা গেছে। সব মিলিয়ে সমগ্রটা এখন ভর্তি যুদ্ধের। এবার এমন এক সময়ে ভর্তি পরীক্ষা চলছে যেখানে প্রতিটি শিক্ষার্থীকে প্রতিরক্ষণ থাকতে হচ্ছে চরম আতঙ্কের মধ্যে। কারণ মৌলবাদী জঙ্গীদের বোমা হামলায় সারাদেশ তৎ অতবিকৃতই নয়, জঙ্গীরা হুমকিধর্মকি শিচ্ছে বোমা মেয়ে বিভিন্ন শিকা প্রতিষ্ঠান উড়িয়ে দেয়ার। এমনি এক ভীতিকর অবস্থায় মধ্যে শিক্ষার্থীরা ভর্তিযুদ্ধের প্রস্তুতি নিচ্ছে, পরীক্ষার হলে যাচ্ছে।